জেলা পরিষদ
দিনাজপুর

গাছ বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি নং ঃ ০২/২০২৬-২০২৭

স্মারক নং ঃ জেপদি/এস -৭৭/২০২৬-২৭/ ৭৫৫ তারিখ ঃ ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, দিনাজপুর অধীনস্থ নিম্নবর্ণিত গাছ সমূহ বিক্রয়ের নিমিত্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

আহবানকৃত দরপত্রের বিবরন

দরপত্রের দফা	দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ ও সময়	দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	দরপত্র ক্রয় ও দাখিলের স্থান
১ম দফা	২৫/১১/২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা	২৬/১১/২০২৬ দুপুর ০১.০০ ঘটিকা	২৬/১১/২০২৬ বিকাল ০৩.৩০ ঘটিকা জেলা পরিষদ কার্যালয়, দিনাজপুর	জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সংশ্লিষ্ট), দিনাজপুর
২য় দফা	০৬/১২/২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা	০৭/১২/২০২৬ দুপুর ০১.০০ ঘটিকা	০৭/১২/২০২৬ বিকাল ০৩.৩০ ঘটিকা জেলা পরিষদ কার্যালয়, দিনাজপুর	
৩য় দফা	১৪/১২/২০২৬ বিকাল ০৪.০০ ঘটিকা	১৫/১২/২০২৬ দুপুর ০১.০০ ঘটিকা	১৫/১২/২০২৬ বিকাল ০৩.৩০ ঘটিকা জেলা পরিষদ কার্যালয়, দিনাজপুর	

গ্রুপ নম্বর	গাছের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	সিডিউল মূল্য (টাকা)
০১	বিরল ও বোচাগঞ্জ উপজেলার ধুকুলপাড়ি, হাটনাথবপুর ও সেতাবগঞ্জ রাস্তায় বিভিন্ন প্রজাতির ৪০ (চল্লিশ) টি গাছ।	৪,৩৭,০৮৭/- (চারলক্ষ সাঁইত্রিশহাজার সাতআশি)	৫০০/- (পাঁচশত)
০২	দিনাজপুর-পার্বতীপুর রাস্তার মহারাজার মোড়, মাতাসাগর মোড় ও কৃষাণ বাজারে বিভিন্ন প্রজাতির ২৯ (উনত্রিশ) টি গাছ।	৪২,৫৯৩/- (বিয়াল্লিশহাজার পাঁচশত তিরানব্বই)	৫০০/- (পাঁচশত)
০৩	চিরিরবন্দর উপজেলার বেকিপুল বাজারে ২২(বাইশ) টি, কারেংটের হাটে ০২ (দুই) টি, ঘুঘুরাডলী বাজারে ২৫ (পঁচিশ) টি, হাজীর মোড়ে ১৫ (পনেরো) টি ও বেলডলী বাজারে ৩০ (ত্রিশ) টি বিভিন্ন প্রজাতির গাছ।	১,৯০,০৭৬/- (একলক্ষ নব্বইহাজার ছিয়াত্তর)	৫০০/- (পাঁচশত)
০৪	পার্বতীপুর উপজেলার দিনাজপুর-পার্বতীপুর রাস্তায় বিভিন্ন প্রজাতির ৪০ (চল্লিশ) টি গাছ।	১,২২,৭৩৯/- (একলক্ষ বাইশহাজার সাতশত উনচল্লিশ)	৫০০/- (পাঁচশত)
০৫	জেলা পরিষদের ঘোড়াঘাট ডাকবাংলো সীমানা প্রাচীর সংলগ্ন ০২ (দুই) টি আম ও ০২ (দুই) টি মেহগনি গাছ।	২২,১৩৫/- (বাইশহাজার একশত পঁয়ত্রিশ)	৫০০/- (পাঁচশত)

আহবানকৃত দরপত্রের শর্তাবলী

০১। দরপত্রের সাথে দরপত্র দাখিলকারীর ১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি। জাতীয় পরিচয় পত্র, সিডিউল ক্রয়ের মানি রশিদ, হাল নাগাদ আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি এবং জামানত/বায়নার টাকার মূল ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০২। দরপত্র দাখিলকারীর নিজ স্বাক্ষর ও মোবাইল ফোন নম্বর দিতে হবে।

০৩। প্রদত্ত দরের ৫০% ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) "প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর" এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

০৪। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুনঃ ব্যবহারযোগ্য হবে না। ১ম দফায় দরপত্রে সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফার দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।

০৫। দরপত্র অনুমোদনের ১৫(পনের) দিনের মধ্যে প্রদত্ত দরের ১০% উৎসকর, ১৫% ভ্যাটসহ সমুদয় অর্থ জমা করতে হবে এবং পরবর্তীতে সরকার কর্তৃক জারীকৃত হাল সন পর্যন্ত আয়কর ও ভ্যাট পরিশোধ করতে বাধ্য থাকবেন।

০৬। সর্বোচ্চ দরদাতা কর্তৃক দরের টাকা জমা প্রদানের সময় জামানত বাবদ ১৫% ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জমা করতে হবে।

অপর পৃষ্ঠা নং- ০২

০৭। দরপত্র দাখিলের পর গাছ কম/নষ্টের অযুহাতে প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট গ্রুপের গাছ/কাঠ কম, মরা, পঁচা, বা অন্য কোন ওজর আপত্তি উত্থাপন পূর্বক দরপত্রদাতা গ্রুপের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে বায়না বাজেয়াপ্ত করে জেলা পরিষদ তহবিলে জমা করা হবে। এ সংক্রান্ত কোন প্রকার দাবী গ্রহনযোগ্য হবে না।

০৮। গাছ অপসারণের সময় ঐ স্থানে বিদ্যমান স্থাপনা কিংবা কারো কোন প্রকার ক্ষতি হলে দরপত্র দাখিলকারী তাঁর নিজ দায়িত্বে তা মিটাবেন/সমস্যা সমাধান করবেন ও গাছ অপসারণ কাজে সৃষ্ট গর্ত ভরাট করে দিবেন।

০৯। দরপত্রে দর উল্লেখের ক্ষেত্রে কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। প্রয়োজনীয় সংশোধনের জন্য একটানে কেটে সংশোধন পূর্বক স্বাক্ষর করতে হবে এবং দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতার স্বাক্ষর বাঞ্চনীয়। দরপত্র দাতা কর্তৃক কোন প্রকার শর্ত আরোপ করা যাবে না।

১০। ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতার ব্যাংক ড্রাফট দরপত্র সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্তের পর ফেরৎ প্রদান করা হবে এবং অন্যান্য দরদাতার ব্যাংক ড্রাফট দরপত্রের পরবর্তী ধাপ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ৩ (তিন) দিন পর ফেরত প্রদান করা হবে।

১১। বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসারে গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগের নিকট থেকে চলাচল পাশ (টিপি) গ্রহণ করতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।

১০/১১/১৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০২। প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর।

০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র বাক্স স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ অন্তে (যদি দাখিল হয়) গৃহীত দরপত্র, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ০৩.০০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।

০৫। প্রশাসক, বিরল/বোচাগঞ্জ/সদর/চিরিরবন্দর/পার্বতীপুর/ঘোড়াঘাট উপজেলা পরিষদ, ..., দিনাজপুর।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, বিরল/বোচাগঞ্জ/সদর/চিরিরবন্দর/পার্বতীপুর/ঘোড়াঘাট উপজেলা পরিষদ, ..., দিনাজপুর। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদানসহ নোটিশে বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র বাক্স স্থাপন পূর্বক দরপত্র গ্রহণ অন্তে (যদি দাখিল হয়) গৃহীত দরপত্র, সিডিউল বিক্রয়ের অর্থ ও অবিক্রিত সিডিউল বেলা ০৩.০০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭। প্রশাসক, বিরল/বোচাগঞ্জ/সদর/পার্বতীপুর পৌরসভা, ...,দিনাজপুর।

০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর।

০৯। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, ...উপজেলা, দিনাজপুর।

১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট।

১১। অফিস কপি।

১০/১১/১৪

(মোঃ মোখলেছুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।